**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২০৬-আইন/২০২৪/৫৮/কাস্টমস**।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৮১, ৯০, ৯১ ও দ্বিতীয় তফসিলের ক্রমিক নং (৫১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**।— (১) এই বিধিমালা পণ্য ঘোষণা, শুল্কায়ন ও পুনঃশুল্কায়ন বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সকল আমদানি ও রপ্তানি পণ্যচালানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে এই বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন বিধায়, ইহা ৬ জুন, ২০২৪ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) “**আইন**” অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) “**আমদানিকারক**” অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত আমদানিকারক;

(গ) **“কাস্টমস মূল্য”** অর্থ আইনের ধারা ২ এর দফা (২১) এ সংজ্ঞায়িত কাস্টমস মূল্য;

(ঘ) **“পণ্য ঘোষণা**” অর্থ আইনের ধারা ২ (৩১) এ সংজ্ঞায়িত পণ্য ঘোষণা;

(ঙ) **“পণ্যের শ্রেণিবিন্যাস (H.S. Classification)”** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩২) এ সংজ্ঞায়িত পণ্যের শ্রেণিবিন্যাস;

(চ) **"যথাযথ কর্মকর্তা"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৪২) এ সংজ্ঞায়িত যথাযথ কর্মকর্তা;

(ছ) **"রপ্তানিকারক"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৪৫) এ সংজ্ঞায়িত রপ্তানিকারক;

(জ) **"শুল্ক ও কর"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৪৮) এ সংজ্ঞায়িত শুল্ক ও কর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পণ্য ঘোষণা ফরম**।— সকল প্রকার আমদানি ও রপ্তানি পণ্যচালানের জন্য পরিশিষ্ট-১ এ বর্ণিত পণ্য ঘোষণা ফরম আমদানিকারক বা রপ্তানিকারক বা তাহার নিয়োজিত এজেন্ট কর্তৃক সঠিকভাবে পূরণ করিয়া সকল প্রয়োজনীয় দলিলাদিসহ যথাযথ কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

৪। **পণ্য ঘোষণার সহিত দাখিলতব্য দলিলাদি**।— পণ্য ঘোষণার সহিত নিম্নবর্ণিত দলিলাদির মূল কপি ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:-

(ক) আমদানির ক্ষেত্রে—

(অ) Bill of Lading বা, ক্ষেত্রমত, Air Way Bill বা Truck Receipt বা Railway Receipt;

(আ) Invoice;

(ই) Packing List;

(ঈ) পণ্যের আমদানিযোগ্যতা এবং/অথবা দাবীকৃত শুল্ক ও কর রেয়াতের প্রাপ্যতা প্রমাণের জন্য প্রয়োজনীয় অন্যান্য প্রামাণিক দলিলাদি; এবং

(উ) সরকার, বোর্ড এবং/অথবা সংশ্লিষ্ট সরকারি দপ্তর কর্তৃক, সময় সময়, জারিকৃত আদেশ মোতাবেক দাখিলযোগ্য প্রামাণিক দলিলাদি;

(খ) রপ্তানির ক্ষেত্রে—

(অ) Export Letter of Credit (L/C) বা export/sales contract বা Order;

(আ) Invoice;

(ই) Packing List;

(ঈ) Certificate of Origin (C/O); এবং

(উ) সরকার, বোর্ড এবং/অথবা সংশ্লিষ্ট সরকারি দপ্তর কর্তৃক, সময় সময়, জারিকৃত আদেশ মোতাবেক দাখিলযোগ্য প্রামাণিক দলিলাদি।

৫। **শুল্কায়ন**।— (১) আইনের ধারা ৮১ অনুযায়ী দাখিলকৃত পণ্য ঘোষণা ধারা ৯০ এর বিধান অনুযায়ী শুল্কায়ন করিতে হইবে।

(২) শুল্কায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয় হইবে, যথা:-

(ক) আমদানিকারক বা রপ্তানিকারক বা তাহার মনোনীত এজেন্ট কর্তৃক বিধি ৪ অনুযায়ী পণ্য ঘোষণা সম্পর্কিত দলিলাদি নির্দিষ্ট সময়ের মধ্যে যথাযথ কর্মকর্তার নিকট দাখিল করিবেন;

(খ) যথাযথ কর্মকর্তা তদকর্তৃক শুল্কায়নের জন্য নির্ধারিত পণ্য ঘোষণা শুল্কায়নকালে-

(অ) পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া পণ্যের আমদানি/রপ্তানিযোগ্যতা নিশ্চিত করিবেন;

(আ) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ৪ অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা হইয়াছে কিনা নিশ্চিত করিবেন;

(ই) দাখিলকৃত দলিলাদির সহিত পণ্য ঘোষণার মিল রহিয়াছে কিনা তাহা যাচাই করিবেন;

(ঈ) প্রযোজ্য ক্ষেত্রে আইনের ধারা ৮৭ অনুযায়ী পণ্য ঘোষণার সত্যতা প্রতিপাদনের লক্ষ্যে কোনো কার্যক্রম গৃহীত হইলে উক্ত কার্যক্রমের ফলাফল বিশ্লেষণ করিয়া পণ্য ঘোষণার সঠিকতা যাচাই করিবেন;

(উ) আইন, তদধীন প্রণীত বিধি এবং অন্যান্য আইনগত বিধানাবলি অনুসরণপূর্বক পণ্যের শ্রেণিবিন্যাস, উৎস দেশ এবং কাস্টমস মূল্য নিরূপণ করিবেন;

(ঊ) উপ-দফা (অ) হতে (উ) এর কার্যক্রম সম্পন্ন করিয়া উক্ত পণ্যের উপর, প্রযোজ্য ক্ষেত্রে, পরিশোধযোগ্য শুল্ক, কর ও অন্যান্য চার্জের পরিমাণ নির্ধারণ করিয়া শুল্কায়ন আদেশ (Assessment Notice) জারি করিবেন;

(ঋ) উক্ত শুল্কায়ন আদেশের বিষয়ে অনতিবিলম্বে ইলেকট্রনিক মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বা ম্যানুয়ালি আমদানিকারক বা রপ্তানিকারক বা তাহার মনোনীত এজেন্টকে অবহিত করিবেন।

৬। **স্বেচ্ছা শুল্কায়ন (Self Assessment)**।— (১) আইনের ধারা ৯০ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্যপূরণকল্পে, নিম্নবর্ণিত পণ্যচালান সংশ্লিষ্ট পণ্য ঘোষণার ক্ষেত্রে স্বেচ্ছা শুল্কায়নের বিধান প্রযোজ্য হইবে, যথা:-

(ক) ইলেকট্রনিক পদ্ধতিতে গ্রিন চ্যানেলভুক্ত অথরাইজড ইকোনমিক অপারেটর কর্তৃক দাখিলকৃত পণ্য ঘোষণা;

(খ) কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনার ভিত্তিতে ইলেকট্রনিক পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে কম ঝুঁকিপূর্ণ হিসাবে নির্বাচিত গ্রিন চ্যানেলভুক্ত পণ্য ঘোষণা;

(গ) বোর্ড কর্তৃক, আদেশের মাধ্যমে প্রজ্ঞাপনের মাধ্যমে নির্বাচিত কোনো ব্যক্তি কর্তৃক প্রদত্ত পণ্য ঘোষণা।

(২) উপ-বিধি (১) অনুযায়ী স্বেচ্ছা শুল্কায়নের ক্ষেত্রে পণ্য ঘোষণার সহিত বিধি ৪ ও বর্ণিত প্রয়োজনীয় দলিলাদি শুল্কায়নের পূর্বে যথাযথ কর্মকর্তার নিকট সরাসরি অথবা ইলেকট্রনিকভাবে কাস্টমস কম্পিউটার সিস্টেমে দাখিল করিতে হইবে।

(৩) স্বেচ্ছা শুল্কায়নের লক্ষ্যে দাখিলকৃত পণ্য ঘোষণার বিষয়ে কোনো অভিযোগ বা গোয়েন্দা তথ্য থাকিলে বা আমদানিকারক/রপ্তানিকারক বা তাহার মনোনীত এজেন্ট স্বেচ্ছায় আবেদন করিলে যথাযথ কর্মকর্তা বিধি ৭ অনুসরণ করিয়া শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিবেন।

৭। **পুনঃশুল্কায়ন**।— (১) পণ্য ঘোষণার পুনঃশুল্কায়নের ফলে নূতন বা অতিরিক্ত শুল্ক, কর বা ফি পরিশোধের প্রয়োজন হইলে বা ভুলক্রমে ফেরত প্রদান করা হইলে এইরূপ শুল্ক, কর বা ফি পুনরায় আদায়ের লক্ষ্যে পুনঃশুল্কায়নের কারণ লিপিবদ্ধ করিয়া আইনের

ধারা ৯১ এর উপ-ধারা (৩) অনুযায়ী পরিশিষ্ট-২ মোতাবেক সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিতে হইবে এবং উক্ত পত্রে উল্লিখিত সময়ের মধ্যে লিখিতভাবে মতামত প্রকাশ ও শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের পর পুনঃশুল্কায়ন চূড়ান্ত করিতে হইবে এবং পরিশিষ্ট-৩ মোতাবেক দাবিনামা জারি করিতে হইবে।

## পরিশিষ্ট-১

[বিধি ৩ দ্রষ্টব্য]

## পণ্য ঘোষণা ফরম

1 DECLARATION

Office Code

2 Consignor/Exporter BIN:

Registration

3 Page 1 1

4 N/A

Manifest

5 Items 1

6 Tot pack.

7 Agent Reference number 2024

8 Consignee/Importer BIN:

9 N/A

11 N/A

13 N/A

14 Declarant/Agent AIN:

15 Country of export

15 C. E. Code a b

17 C. D. Code a b

16 Country of origin

17 Country of destination

19 CF

20 Delivery terms

21 Carrier BSTI N.Cash

22 Cur. Total Invoice Value

23 Exch. rate

24 Nature of transac.

25 MOT

26 MOT Domestic

28 Financial and banking data Bank Code

Branch LC No

Bank Name

Sector & Fund Src

30 Location of goods

31 Packages and description of goods

Marks and numbers

Fine/Penalty MVF

Nber of Pkgs Pkg Code

Containers No(s)

Description of Goods,Brand,Model,Size

32 Item 1 No.

33 HS Code

34 Cty. orig. Code a b

35 Gross weight (kg)

36 Agr.Cd.

37 CPC

38 Net weight (kg)

39 Visa Ref

40 BL/AWB/TR/RR No S/L

41 Quant./Units

44 Add. info Documents Produced Certificates and authorization

CRF/EXP No UP/UD

A.D.

INV

Dec.U.Price Ass.U.Price AJ. Code

41 bis Write-off units

46 Statistical value

47 Calculation of taxes

| Type | Tax base | Rate | Amount | MP |
|---|---|---|---|---|
| | | | | |
| | Total | | | |

48 Account Current No

49 Warehouse Number / Period

B ACCOUNTING DETAILS

Mode of payment CASH

Assessment number / Date

Receipt number Date

Guarantee Date

Total fees BDT

Total declaration BDT

50 Principal No. Signature

C OFFICE OF DEPARTURE

Represented by

Place and date

51 Intended offices of transit and country

52 Guarantee not valid for

Code

53 Office of destination and country

D CONTROL BY OFFICE OF DESTINATION Stamp:

54 Place and date

Signature

| Exporter/Consignee - name & address | 1 DECLARATION | | Customs Reference |
|---|---|---|---|
| | C | | |
| | 3 Forms 1 2 | 1 | 6 |

| 31 Packages and description of goods | Marks and numbers - Containers No(s) - Number and kind<br>Marks & no<br>of packages<br>Nbr & Kind<br>Containers No(s) | 32 Item No. 2 | 33 Commodity code |
|---|---|---|---|
| | | | 34 Cty. orig. Code \| 35 Gross mass (kg) \| 36 Prefer. |
| | | | 37 PROCEDURE \| 38 Net mass (kg) \| 39 Quota |
| | | | 40 Summary declaration / Previous document \| S/L |
| | | | 41 Supplementary units |
| 44 Add. info Documents Produced Certificates and autho-risations | Licence No \| D.Val \| D.Qty<br>A.D. | | Dec.U.Price \| Ass.U.Price \| A.I. Code |
| | | | 41bis Write-Off units \| 46 Statistical value |

| 31 Packages and description of goods | Marks and numbers - Containers No(s) - Number and kind<br>Marks & no<br>of packages<br>Nbr & Kind<br>Containers No(s) | 32 Item No. 3 | 33 Commodity code |
|---|---|---|---|
| | | | 34 Cty. orig. Code \| 35 Gross mass (kg) \| 36 Prefer. |
| | | | 37 PROCEDURE \| 38 Net mass (kg) \| 39 Quota |
| | | | 40 Summary declaration / Previous document \| S/L |
| | | | 41 Supplementary units |
| 44 Add. info Documents Produced Certificates and autho-risations | Licence No \| D.Val \| D.Qty<br>A.D. | | Dec.U.Price \| Ass.U.Price \| A.I. Code |
| | | | 41bis Write-Off units \| 46 Statistical value |

| 31 Packages and description of goods | Marks and numbers - Containers No(s) - Number and kind<br>Marks & no<br>of packages<br>Nbr & Kind<br>Containers No(s) | 32 Item No. 4 | 33 Commodity code |
|---|---|---|---|
| | | | 34 Cty. orig. Code \| 35 Gross mass (kg) \| 36 Prefer. |
| | | | 37 PROCEDURE \| 38 Net mass (kg) \| 39 Quota |
| | | | 40 Summary declaration / Previous document \| S/L |
| | | | 41 Supplementary units |
| 44 Add. info Documents Produced Certificates and autho-risations | Licence No \| D.Val \| D.Qty<br>A.D. | | Dec.U.Price \| Ass.U.Price \| A.I. Code |
| | | | 41bis Write-Off units \| 46 Statistical value |

47 Calcul-ation of taxes

| Type | Tax base | Rate | Amount | MP | Type | Tax base | Rate | Amount | MP |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| Total first item (1 taxes) | | | | | Total second item (2 taxes) | | | | |

| Type | Tax base | Rate | Amount | MP | Type | Amount | MP | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | 1 |
| | | | | | | | | 6 |
| | | | | | | | | COFFICEOFDEPARTURE |
| Total third item (3 taxes) | | | | | GT | | | |

**পরিশিষ্ট-২**

[বিধি ৭(১) দ্রষ্টব্য]

**পুনঃশুল্কায়নের বিষয় অবহিতকরণ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.. .. . .. .. ..

.. .. . .. .. ..

নথি নং- ..........................  তারিখ: .............খ্রিষ্টাব্দ

**বিষয় : কাস্টমস আইন ২০২৩ এর ধারা ৯১ এর উপ-ধারা (১) এর আওতায় পণ্য ঘোষণা নম্বর ................ তারিখ: ............... খ্রিষ্টাব্দ এর পুনঃশুল্কায়নের বিষয় অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হইলো।

২। আমদানিকারক/রপ্তানিকারক ......................... (BIN ............) কর্তৃক এলসি নং.......................... তারিখ:................ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আমদানিকৃত/রপ্তানিকৃত পণ্য ছাড়করণের/রপ্তানির লক্ষ্যে উক্ত আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্ট কর্তৃক পণ্য ঘোষণা নম্বর ................. তারিখ: ................. খ্রিষ্টাব্দ দাখিলপূর্বক শুল্কায়ন সম্পন্ন করিয়া খালাস গ্রহণ/রপ্তানি করা হয়।

৩। কাস্টমস আইন ২০২৩ এর ধারা ৯১ এর উপ-ধারা (১) এর আওতায় শুল্কায়নের শুদ্ধতা নিশ্চিত করিবার লক্ষ্যে পণ্য ঘোষণা নম্বর ................. তারিখ: ................. খ্রিষ্টাব্দ পর্যালোচনা করা হয়। পর্যালোচনা দেখা যায়, ................................ । উক্ত পর্যালোচনার আলোকে পণ্য ঘোষণাটি পুনঃশুল্কায়ন করা হয়। সেই মোতাবেক পণ্য চালানের পরিশোধযোগ্য শুল্ক-করাদির পরিমাণ দাঁড়ায় ...............(কথায়...............) টাকা। আলোচ্য পণ্য চালানের বিপরীতে পরিশোধিত শুল্ক-করাদির পরিমাণ.................... (কথায়.......................) টাকা। কম পরিশোধিত শুল্ক-করাদির পরিমাণ দাঁড়ায় ..................... (কথায়.......................) টাকা মাত্র; যাহা আমদানিকারক/রপ্তানিকারক এর নিকট হইতে আদায়যোগ্য।

৪। এমতাবস্থায়, কাস্টমস আইন ২০২৩ এর ধারা ৯১ এর উপ-ধারা (৩) এর আলোকে পণ্য ঘোষণা নম্বর ................ তারিখ: ............... খ্রিষ্টাব্দ এর পুনঃশুল্কায়নের বিষয়টি আপনাকে অবহিত করা হইলো। এ বিষয়ে আগামী ১৫ কার্যদিবস (................খ্রিষ্টাব্দ তারিখ) এর মধ্যে আপনার লিখিত জবাব প্রেরণের অনুরোধ করা হইলো। আপনি বা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হইতে চাহিলে তাহা এই লিখিত জবাবের মাধ্যমে অত্র দপ্তরকে জানাইবার জন্য অনুরোধ করা হইলো। উক্ত তারিখের মধ্যে আপনার লিখিত জবাব পাওয়া না গেলে পণ্য ঘোষণা নম্বর ................ তারিখ: ............... খ্রিষ্টাব্দ এর পুনঃশুল্কায়ন চূড়ান্ত করিয়া দাবিনামা জারি করা হইবে।

...........................
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

প্রাপক: ..................
..................

**পরিশিষ্ট-৩**

[বিধি ৭(২) দ্রষ্টব্য]

**দাবিনামা জারি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.. .. . .. .. ..

.. .. . .. .. ..

নথি নং- ........................... তারিখ: ............. খ্রিষ্টাব্দ

**বিষয় : পণ্য ঘোষণা নম্বর ................ তারিখ: ............... খ্রিষ্টাব্দ এর পুনঃশুল্কায়নের ফলে উদঘাটিত শুল্ক ও কর বাবদ ...................... টাকা আদায়ের লক্ষ্যে কাস্টমস আইন ২০২৩ এর ধারা ৯১ এর উপ-ধারা (৩) এর আওতায় দাবিনামা জারি।**

সূত্র: ১. ...................................তারিখ:................।

২. ...................................তারিখ:................।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হইলো।

২। আমদানিকারক/রপ্তানিকারক............... (BIN ................) কর্তৃক এলসি নং.......................... তারিখ:................ খ্রি. মাধ্যমে আমদানিকৃত পণ্য ছাড়করণের/রপ্তানির লক্ষ্যে উক্ত আমদানিকারক/রপ্তানিকারক এর মনোনীত সিএন্ডএফ এজেন্ট কর্তৃক পণ্য ঘোষণা নম্বর ................. তারিখ: ................. খ্রিষ্টাব্দ দাখিল পূর্বক শুল্কায়ন সম্পন্ন করিয়া খালাস গ্রহণ/ রপ্তানি করা হয়।

৩। কাস্টমস আইন ২০২৩ এর ধারা ৯১ এর উপ-ধারা (১) এর আওতায় শুল্কায়নের শুদ্ধতা নিশ্চিত করিবার লক্ষ্যে পণ্য ঘোষণা নম্বর ................. তারিখ: ................. খ্রিষ্টাব্দ পর্যালোচনা করা হয়। পর্যালোচনা দেখা যায়, ......................................... .........................................................। উক্ত পর্যালোচনার আলোকে পণ্য ঘোষণাটি পুনঃশুল্কায়ন করা হয়। সেই মোতাবেক পণ্য চালানের পরিশোধযোগ্য শুল্ক-করাদির পরিমাণ দাঁড়ায় .........(কথায়..............) টাকা। আলোচ্য পণ্য চালানের বিপরীতে পরিশোধিত শুল্ক-করাদির পরিমাণ............. (কথায়...............) টাকা। কম পরিশোধিত শুল্ক-করাদির পরিমাণ দাঁড়ায় ...............(কথায়..............) টাকা মাত্র।

৪। বিষয়টি সূত্রে বর্ণিত ১ নং পত্রের মাধ্যমে আপনাকে অবহিত করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সূত্রে বর্ণিত ২ নং পত্রের মাধ্যমে আপনি লিখিত জবাব দাখিল করেন এবং আপনার অনুরোধের প্রেক্ষিতে ............. খ্রিষ্টাব্দ তারিখে আপনার/আপনার মনোনীত প্রতিনিধির শুনানি গ্রহণ করা হয়। আপনার লিখিত ও শুনানিতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে পণ্য ঘোষণা নম্বর ................ তারিখ: ............... খ্রিষ্টাব্দ এর পুনঃশুল্কায়ন চূড়ান্ত করা হইয়াছে।

৫। এমতাবস্থায়, পণ্য ঘোষণা নম্বর ................ তারিখ: ............... খ্রিষ্টাব্দ বিপরীতে কম পরিশোধিত শুল্ক ও কর এবং সুদসহ অন্যান্য চার্জ বাবদ ...............

(কথায়..............) টাকা আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য অনুরোধ করা হইলো। কাস্টমস আইন ২০২৩ এর ধারা ৯১ এর উপ-ধারা (৩) এর আলোকে এ দাবিনামা জারি করা হইলো।

..........................
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

প্রাপক: ...................
...................

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**